# গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি

## তুলসীঘাট, গাইবান্ধা

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে দরপত্র প্রদানের দলিল (জাতীয়)

আরএফকিউ নং-০৩/২০২২-২০২৩

ISO 9001 : 2015 CERTIFIED

**বিষয়ঃ "কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম" সরবরাহ করণের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ)"**


## প্রশাসন বিভাগ

তুলসীঘাট, গাইবান্ধা

ফোন নং- ০১৭৬৯৪০০০৪৪৭

Web Site:www.pbs.gaibandha.gov.bd

Email: gbndhapbs@yahoo.com


গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি তুলসীঘাট, গাইবান্ধা

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ
গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি
GAIBANDHA PALLI BIDYUT SAMITY
ISO 9001 :2015 Certified
সদর দপ্তর, তুলশীঘাট, গাইবান্ধা।
E-mail : gbndhapbs@yahoo.com
Website : www.pbs.gaibandha.gov.bd

স্মারক নং-২৭.১২.৩২২৪.৫৬৫.০১.০৩৮.২২. ৪০২২

তারিখঃ- ২৩ শ্রাবণ'১৪২৯ বঙ্গাব্দ
০৭ আগষ্ট'২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ "কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম" ক্রয় এর জন্য কোটেশন (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (দরপত্র নং- ০৩/২০২২-২৩)।**

প্রতি

--------------------

--------------------

--------------------

০১। গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় অফিসসমূহে ব্যবহারের বিপরীতে **কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম** সরবরাহের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ ও শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। **কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম** সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩। অত্রসাথ সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েব সাইট www.reb.gov.bd ও অত্র পবিসের ওয়েব সাইট www.pbs.gaibandha.gov.bd হতে ডাউন লোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতিত অন্য কোন কাগজ বা ফরমে কোটেশন গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে গাইবান্ধা পবিস হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

০৪। নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (খ) গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহের কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত খামে আগামী ১৪/০৮/২০২২খ্রিঃ তারিখ এবং সময় বেলা ১১:৩০ ঘটিকা বা এর পূর্বে কোটেশন দাখিলের স্থান (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (খ) গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। কোটেশন খামে "দরপত্র নং এবং **কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম** সরবরাহের জন্য কোটেশন" এবং আগামী ১৪/০৮/২০২২খ্রিঃ তারিখ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখি সময়ের পরে কোন কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। দাখিলকৃত বা প্রাপ্ত কোটেশনসমূহ আগামী ১৪/০৮/২০২২খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) স্ব-স্ব দপ্তরে খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইটে www.pbs.gaibandha.gov.bd এ দেখা যাবে।

০৮। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

০৯। কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং- ০৪ এ বর্ণিত স্থানসমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র প্রকাশ্যে উন্মুক্ত করা হবে।

১০। **কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম** সরবরাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের সুষ্ঠভাবে **"কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম"** সরবরাহের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন পূর্বক "গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি" কর্তৃক এ্যাকাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালমালের মূল্য পরিশোধ করা হবে।

১১। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২। কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর (হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র) ও ভ্যাট নিবন্ধন (ভ্যাট নিবন্ধন সনদপত্র) নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোন তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৩। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়িত করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারনের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪। উদ্ধৃত একক দর এবং মোট মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যায় মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গানিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৫। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ১০ (দশ) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৬। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০অংশ হারে জরিমানা কর্তন করা হবে। তবে কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। মালামাল/আইটেম এর পরিমাণ কম/বেশী হতে পারে এবং মালামালের নমুনা দরপত্র দাখিল করার পূর্বে অত্র পবিস হতে দেখা যেতে পারে।

১৮। গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৭.০৮.২০২২

(শেখ মানোয়ার মোরশেদ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)
মোবাঃ ০১৭৬৯৪০০০৩০

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
(বিজ্ঞপ্তির শর্তানুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত দরপত্র গ্রহণের অনুরোধ করা হলো)

০২। জেলা প্রশাসক, গাইবান্ধা।

০৩। পুলিশ সুপার, গাইবান্ধা।

০৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, গাইবান্ধা।

০৫। নির্বাহী প্রকৌশলী,(এসওডি), বাপবিবো, গাইবান্ধা।

০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,-------------------------পবিস-১/২/৩/৪।

০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর/গোবিন্দগঞ্জ/সাঘাটা/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর/পলাশবাড়ী/ফুলছড়ি।

০৮। ডিজিএম,(কারিগরী-সদর)/গোবিন্দগঞ্জ/বোনারপাড়া জোনাল অফিস, গাইবান্ধা পবিস।

০৯। এজিএম(অর্থ-হিসাব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), গাইবান্ধা পবিস।

১০। মের্সাস-----------------------------------------------------।

১১। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, গাইবান্ধা পবিস।

১২। অফিস/মাস্টার কপি।

০৭.০৮.২০২২

(শেখ মানোয়ার মোরশেদ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)
মোবাঃ ০১৭৬৯৪০০০৩০

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

প্রতি

গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি

তুলসীঘাট, গাইবান্ধা।

কোটেশন নম্বর-০৩/২০২২-২৩, তারিখঃ ০৭/০৮/২০২২ খ্রিঃ

স্মারক নং- ২৭.১২.৩২২৪.৫৬৫.০১.০৩৮.২২.৪০২২ তারিখঃ ০৭/০৮/২০২২ খ্রিঃ

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "**কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম**" সরবরাহ করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা---------------------------কথায়----------------------------

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় উহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরণের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ০৭/০৮/২০২২খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর

তারিখঃ

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসীল

কোটেশন নম্বর: ০৩/২০২২-২০২৩ তারিখঃ ০৭/০৮/২০২২খ্রিঃ

| ক্রঃ নং | আইটেম নং | আইটেমের বিবরণ | পরিমাণ | একক দর/মূল্য | | মোট দর/মূল্য | | পণ্য সরবরাহের গন্তব্যস্থল |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | অংকে | কথায় | অংকে | কথায় | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ০১ | - | **কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরমঃ**<br><br>**ক) কাগজের সাইজঃ** ৯.৫" ×১১" সাইজের ৭০ GSM উন্নতমানের অফসেট (সাদা) কাগজে চলমান বিল পৃষ্ঠার বামের ও ডানের ট্রাক্টরের ছিদ্র সমূহ একটি ষ্ট্যান্ডার্ড ফরমেটে তৈরী হবে এবং উক্ত ছিদ্র সমূহ ষ্টার পাঞ্চ (Star Punch) দ্বারা তৈরী করতে হবে। যাতে ছিদ্র সমুহের কোন ডাষ্ট (কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে।<br><br>**খ) মুদ্রনে ব্যবহৃত কালিঃ** কর্তৃপক্ষের অনুমোদিত নমুনা ফরমেট অনুযায়ী উন্নতমানের অফসেট কালি দ্বারা হুবহু প্রিন্টিং ও সরবরাহ করতে হবে।<br><br>**গ) মুদ্রিত বিষয়ঃ** প্রথম পৃষ্ঠার কিছু আইটেম শিরোনাম ও বিজ্ঞপ্তি সমূহ সকলের দৃষ্টি আকর্ষনের জন্য লাল কালি দ্বারা প্রিন্টিং করতে হবে। মুদ্রনের অক্ষর সমূহ স্পষ্ট (Sharp) হতে হবে। বিলের উভয় কপিতে উপরের বাম অংশে ভ্যাট রেজিষ্ট্রেশন নম্বর ও এরিয়া কোড উল্লেখ থাকবে। অপর পৃষ্ঠায় ফরমের পাদদেশে সরবরাহকারী/মুদ্রন প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশ নং ও কার্যাদেশের তারিখ মুদ্রিত থাকবে।<br><br>**ঘ) ডেলিভারী প্যাকিংঃ** প্রতি প্যাকেটে ২০০০টি শীট থাকতে হবে। প্যাকিং ব্যতীত মুদ্রিত ও ছিদ্রযুক্ত (Continuous Paper) ২০০০ শীটের নূন্যতম ওজন 70 GSM এর ক্ষেত্রে ৯.৩৩ কেজি (সর্বনিম্ন) হবে। (নমুনা মোতাবেক)<br><br>**ঙ) বিবিধঃ** বিল ফরমেটটি অত্র পবিস এর বিলিং সফটওয়্যারের প্রিন্টিং ফরমেটের সাথে হুবহু মিল রাখতে হবে। | ২০০ প্যাকেট (প্রতি প্যাকেটে ২০০০ টি শীট) | | | | | গাইবান্ধা পবিস সদর দপ্তর |

| | | |
|---|---|---|
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য<br><br>(ভ্যাট ও প্রযোজ্য সবধরণের ট্যাক্সসহঃ নিম্নোক্ত ২নং নোট দেখুন) | অংকে | |
| | কথায় | |

| | | |
|---|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | | গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলসীঘাট, গাইবান্ধা। |
| প্রস্তাবিত সরবরাহ | | ক্রয় আদেশ জারির তারিখ হতে ১০(দশ) দিনের মধ্যে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | | পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ হতে ০৬ (ছয়) মাসের জন্য |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফসীলের তফশীলে [-------------] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।
আমার/আমাদের প্রস্তাব ----/----/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর
কোটেশন দাতার নাম

তারিখঃ

টীকাঃ

১। কলাম ১, ২,,৩,৪ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৫, ৬,৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরণের কর, শুল্ক, ফি, লেভি ও প্রযোজ্য আইনের অধীনে পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃনং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূনাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল ( Make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | - | **কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরমঃ**<br><br>**ক) কাগজের সাইজঃ** ৯.৫" ×১১" সাইজের ৭০ GSM উন্নতমানের অফসেট (সাদা) কাগজে চলমান বিল পৃষ্ঠার বামের ও ডানের ট্রাক্টরের ছিদ্র সমূহ একটি ষ্ট্যান্ডার্ড ফরমেটে তৈরী হবে এবং উক্ত ছিদ্র সমূহ ষ্টার পাঞ্চ (Star Punch) দ্বারা তৈরী করতে হবে। যাতে ছিদ্র সমুহের কোন ডাষ্ট (কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে।<br><br>**খ) মুদ্রনে ব্যবহৃত কালিঃ** কর্তৃপক্ষের অনুমোদিত নমুনা ফরমেট অনুযায়ী উন্নতমানের অফসেট কালি দ্বারা হুবহ প্রিন্টিং ও সরবরাহ করতে হবে।<br><br>**গ) মুদ্রিত বিষয়ঃ** প্রথম পৃষ্ঠার কিছু আইটেম শিরোনাম ও বিজ্ঞপ্তি সমূহ সকলের দৃষ্টি আকর্ষনের জন্য লাল কালি দ্বারা প্রিন্টিং করতে হবে। মুদ্রনের অক্ষর সমূহ স্পষ্ট (Sharp) হতে হবে। বিলের উভয় কপিতে উপরের বাম অংশে ভ্যাট রেজিষ্ট্রেশন নম্বর ও এরিয়া কোড উল্লেখ থাকবে। অপর পৃষ্ঠায় ফরমের পাদদেশে সরবরাহকারী/মুদন প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশ নং ও কার্যাদেশের তারিখ মুদ্রিত থাকবে।<br><br>**ঘ) ডেলিভারী প্যাকিংoঃ** প্রতি প্যাকেটে ২০০০টি শীট থাকতে হবে। প্যাকিং ব্যতীত মুদ্রিত ও ছিদ্রযুক্ত (Continuous Paper) ২০০০ শীটের নূন্যতম ওজন 70 GSM এর ক্ষেত্রে ৯.৩৩ কেজি (সর্বনিম্ন) হবে। (নমুনা মোতাবেক)<br><br>**ঙ) বিবিধঃ** বিল ফরমেটটি অত্র পবিস এর বিলিং সফটওয়্যারের প্রিন্টিং ফরমেটের সাথে হুবহ মিল রাখতে হবে। | (নমুনা মোতাবেক) | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লিখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর
কোটেশন দাতার নাম

তারিখঃ

টীকাঃ

১। কলাম ১,২,৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২। বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরনী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগীতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগীতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভূক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষাঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সাম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩। পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরনী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (Make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

স্মারক নং-২৭.১২.৩২২৪.৬৫৬.০১.০৩৮.২২. তারিখঃ

**বিষয়ঃ কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের জন্য ক্রয় আদেশ।**

| | |
|---|---|
| কোটেশন নম্বরঃ ০৩/২০২২-২০২৩ | তারিখঃ ০৭/০৮/২০২২খ্রিঃ |
| প্রতিঃ<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| সরবরাহের তারিখ: ------------------------ | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা------------------ |
| সরবরাহঃ শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ---------------তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট গ্রহণযোগ্য বিবেচিত হওয়ায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষ্যে ট্রান্টসফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল সরবরাহের নিমিত্ত ---------------------------(-------------) টাকার কার্যাদেশ প্রদান করা হলো। উল্লিখিত মালামাল সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্যঃ |
| নাম ও পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ |

সংযুক্তিসমূহঃ উপরোক্ত বর্ণনা মোতাবেক

# পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১। চুক্তি পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২। এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮- এর বিধান প্রযোজ্য হবে।

৩। ক্রয় আদেশ জারি হওয়ার ১০(দশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোত্তভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪। যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫। চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শণ, পরিমাপ, টেষ্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোন সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬। ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭। যদি পণ্যের কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮। সরবরাহকারী সকল ধরণের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯। অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০। সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভূক্ত থাকবে।

১১। মোট চুক্তি মূল্য টাকা [অংকে-----------------] [কথায়----------------------------------]।

১২। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন মেয়াদ ০৬(ছয়) মাস। সরবরাহকারী কর্তৃক যে তারিখে মালামাল সরবরাহ করা হবে এবং ক্রয়কারী কর্তৃপক্ষ যে তারিখে মালামাল গ্রহণ করবেন, সেই তারিখ হতে মালামালের ওয়্যারেন্টি পিরিয়ড ০৬(ছয়) মাস হবে। এই সময়ের মালামালের গুনগত মান অক্ষুন্ন থাকা সাপেক্ষে মালমাল সরবরাহের ০৬(ছয়) মাস পর ফেরত প্রদান করা হবে।

১৩। ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪। সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫। পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।

১৬। ওয়ারেন্টি (warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করতে পারবে।

১৭। কোন অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮। ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯। ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোন সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোন অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক) সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পুনাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ) পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগীতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ) চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০। এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরণের বিরোধ আপোষ মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১। ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

২২। গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত।

০৭.০৮.২০২২

শেখ মানোয়ার মোরশেদ
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)
গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি।
তারিখঃ

সরবরাহকারী জন্য
নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর

তারিখঃ